গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
**পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া**
**www.rda.gov.bd**

গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প।

## প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব খলিল আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

স্থান : আইডব্লিউএম সম্মেলন কক্ষ,আরডিএ, বগুড়া।
তারিখ : ০৭/০৬/২০২২ইং
সময় : বেলা ১২:০০ ঘটিকা (জুম প্লাটফর্ম)।

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই প্রকল্পের অগ্রগতি ও ৪র্থ পিআইসি সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক মহোদয় প্রকল্পের অগ্রগতি ও ৪র্থ পিআইসি সভার অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। পরবর্তীতে সভার সদস্যদের প্রকল্প সম্পর্কিত আলোচনার জন্য সভাপতি মহোদয় আহবান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি 'ক' সদয় দ্রষ্টব্য।

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।**

১। সভায় ৪র্থ পিআইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়। সকলের সম্মতিক্রমে প্রকল্পের সার্বিক অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়। কারণ চলমান ০৩ (তিন)টি বিভাগের (রংপুর, রাজশাহী ও ঢাকা) অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি রংপুর=১০০%, রাজশাহী=৭০% এবং ঢাকা=৩৫%। কাজেই নির্মাণ কাজের অগ্রগতি বাড়ানোর বিষয়ে জোড়ালো আলোচনা হয়।

২। ফ্ল্যাট বরাদ্দের জন্য চুক্তিপত্র স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয় এবং অতিদ্রুত সুফলভোগীদের সাথে চুক্তিপত্র স্বাক্ষরের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। রংপুর উপ-প্রকল্পের অবশিষ্ট ডি-টাইপের ১৯টি ফ্ল্যাটের মধ্যে ১৪টির জন্য আবেদনপত্র পাওয়া গিয়েছে। ১৪টি আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক ফ্ল্যাট বরাদ্দের জন্য দ্রুত ব্যবস্থাগ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। আগামী ১৬ জুন/২২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, রংপুর পল্লী জনপদ উপ-প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠান অন লাইনে অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন উপলক্ষ্যে রংপুরে পল্লী জনপদ প্রকল্পে সাজ-সজ্জা ও সুফলভোগীদের অংশগ্রহণের মাধ্যমে একটি অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার কর্মকর্তাদের সমন্বয়ে উপ-কমিটি গঠনের মাধ্যমে উদ্বোধন অনুষ্ঠান সাফল্য ও সুন্দর করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। পিআইসি'র সদস্যবৃন্দ কর্তৃক সুপারিশ করা হয় যে, ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত উপকারভোগী কৃষি জমি নষ্ট করে বাড়ী করতে পারবে না এবং ফ্ল্যাট ভাড়া প্রদান করা যাবে না, এই মর্মে প্রত্যেক সুফলভোগীর চুক্তিপত্রে উল্লেখ থাকবে এবং পৃথকভাবে মুচলেকা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা অনুযায়ী সমবায় সমিতির গঠনতন্ত্র ও চুক্তিপত্র চূড়ান্ত করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পাঠাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(খলিল আহমদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

অনুলিপিঃ
১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সদস্য, .................. ..................... .................. .................. ................ ...............
৪. প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৫. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৬. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
**পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া**
**www.rda.gov.bd**
গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প।

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ৪র্থ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব খলিল আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

স্থান : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ২৮/০২/২০২২ইং
সময় : বেলা ০৩:০০ ঘটিকা (জুম প্লাটফর্ম)।

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই প্রকল্পের অগ্রগতি ও ৩য় পিআইসি সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপনের জন্য সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং) মহোদয়কে অনুরোধ করেন। সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং) মহোদয় প্রকল্পের অগ্রগতি ও ৩য় পিআইসি সভার অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। পরবর্তীতে সভার সদস্যদের প্রকল্প সম্পর্কিত আলোচনার জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি **'ক'** সদয় দ্রষ্টব্য।

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।**

১। সভায় ৩য় পিআইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়। সকলের সম্মতিক্রমে প্রকল্পের সার্বিক অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়। কারণ চলমান ০৩ (তিন)টি বিভাগের (রংপুর, রাজশাহী ও ঢাকা) অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি রংপুর=১০০%, রাজশাহী=৬৫% এবং ঢাকা=৩০%। কাজেই নির্মাণ কাজের অগ্রগতি বাড়ানোর বিষয়ে জোড়ালো আলোচনা হয়।

২। ফ্ল্যাট বরাদ্দের চূড়ান্ত তালিকা নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী ডিপিপিতে নির্দেশিত উপায়ে সভায় সর্বসম্মতিক্রমে বিবেচনা করা হয়ঃ

১) সর্বপ্রথমে প্রকল্পের অনুকুলে জমি বিক্রেতাগণ;
২) বিদেশে বসবাসকারী (রেমিট্যান্স প্রেরণকারী);
৩) রংপুর সদর উপজেলায় বসবাসকারী;
৪) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যবৃন্দ;
৫) রংপুর জেলার আবেদনকারী;
৬) রংপুর বিভাগের আবেদনকারী;
৭) সমগ্র বাংলাদেশের আবেদনকারী;
৮) আবেদন ও ডাউন-পেমেন্ট প্রদানের উর্দ্ধক্রম (আগে আসলে আগে পাবেন রীতি);
৯) যাদের নিজস্ব ফ্ল্যাট/বাড়ী (দো'তলা বা ততোধিক তলা) নেই।

৩। ফ্ল্যাট বরাদ্দের চূড়ান্ত সুফলভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রাথমিক উপকারভোগী নির্বাচন কমিটি কর্তৃক আয়োজিত ৩য় সভায় সুপারিশকৃত তালিকা পিআইসি'র সদস্যবৃন্দ কর্তৃক পর্যালোচনা ও নিরীক্ষণপূর্বক যাদের ফ্ল্যাট/ভিত বিশিষ্ট পাকাবাড়ী (দো'তলা বা তার অধিক তলা সম্পন্ন) আছে তাদের ফ্ল্যাট বরাদ্দ না দেওয়ার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত চূড়ান্ত হয়। উল্লেখ্য যে, পল্লী জনপদ প্রকল্পের রংপুর বিভাগের ফ্ল্যাট গ্রহণকারীদের তথ্য যাচাইয়ের নিমিত্তে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র স্মারক নং- ৪৭.৬৪.১০৮৮.০২৪.৩২.০০১.২১.১১৪; তারিখ- ০৮ নভেম্বর, ২০২১ মূলে প্রতিটি আবেদনকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রতিনিধি প্রেরণ করা হয়। তাদের প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে যাদের ফ্ল্যাট/ভিত বিশিষ্ট পাকাবাড়ী (দো'তলা বা তার অধিক তলা সম্পন্ন) আছে তাদের চিহ্নিত করা হয় **(পরিশিষ্ট-ক)**। তবে যাদের টিনসেড/আধাপাকা/১তলা বাড়ী আছে তাদের ফ্ল্যাট দেওয়ার জন্য কমিটি সিদ্ধান্ত নেয়।

৪। ফ্ল্যাট বরাদ্দ সম্পর্কিত তথ্যঃ

৪.১ **পরিশিষ্ট-খ'**তে এ' টাইপের জন্য ৬৪টি; বি' টাইপের জন্য ৯৬টি; সি' টাইপের জন্য ৩২টি; ডি' টাইপের জন্য ৭৬টি ফ্ল্যাট বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ০৪টি ফ্ল্যাট বিশেষ বিবেচনায় আবেদনকৃত ৩০% টাকা জমাদানকারী যারা ফ্ল্যাট বরাদ্দ পাননি তাদের মধ্যে থেকে/একই পারিবারের একাধিক সদস্যদের আবেদন বিবেচনাকরতঃ/নতুন করে উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.২ **পরিশিষ্ট-গ'**তে একই পরিবারের একাধিক সদস্য আবেদন করায় ১২টি আবেদনপত্র বাতিল ও তাদের প্রেরিত ৩০% ডাউনপেমেন্ট ফেরতের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ফ্ল্যাট পর্যাপ্ত থাকলে (অর্থাৎ যারা ফ্ল্যাট পাবেন তাদের মধ্যে থেকে কেহ ফ্ল্যাট গ্রহণে অনিচ্ছা প্রকাশ করলে) বিশেষ বিবেচনায় একই পরিবারের একাধিক সদস্য ফ্ল্যাট প্রাপ্য হবেন।

৫। প্রত্যেক আবেদনকারীকে পত্র প্রেরণ করে তাদের ফ্ল্যাট চূড়ান্তভাবে মনোনয়ন দেয়ার বিষয়টি অবগত করা হবে এবং যদি কেউ বরাদ্দকৃত ফ্ল্যাট নিতে আগ্রহী না হয় তাহলে পত্র প্রাপ্তির পর ০৭ কার্যদিবসের মধ্যে তা লিখিতভাবে অবগত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। প্রাপ্ত উপকারভোগী ফ্ল্যাট গ্রহণে অনিচ্ছা প্রকাশ করলে অর্থাৎ এ' টাইপের কেহ ফ্ল্যাট গ্রহণে অনিচ্ছা প্রকাশ করলে এ' টাইপের উর্দ্ধক্রমের যে আবেদনকারী বি' টাইপে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন তিনি/তারা এ' টাইপের (শূণ্য স্বাপেক্ষে) ফ্ল্যাট প্রাপ্য হবেন। একই নিয়ম বি' ও সি' টাইপের ক্ষেত্রেও প্রযোজ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। পিআইসি'র সদস্যবৃন্দ কর্তৃক সুপারিশ করা হয় যে, ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত উপকারভোগী কৃষি জমি নষ্ট করে বাড়ী করতে পারবে না এবং ফ্ল্যাট ভাড়া প্রদান করা যাবে না, এই মর্মে প্রত্যেক সুফলভোগীর চুক্তিপত্রে উল্লেখ থাকবে।

৮। ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা অনুযায়ী সমবায় সমিতির গঠনতন্ত্র ও চুক্তিপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পাঠাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডমী (আরডিএ), বগুড়া।

**অনুলিপিঃ**

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সদস্য, .................. .................... .................. .................... ............... ..............
৪. প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৫. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৬. অফিস নথি।